

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
(জেএম শাখা)
www.chittagong.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১৫০০.৫০২.২৯.০০৭.২৩-২১

তারিখ : ২ জানুয়ারি ২০২৪ খ্রি.

গণবিজ্ঞপ্তি

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারী কর্তৃক চট্টগ্রাম জেলার নির্বাচনি এলাকায় নিম্নোক্ত প্রকারের যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

১) টেক্সি ক্যাব	২) পিকআপ	৩) মাইক্রোবাস	৪) ট্রাক
-----------------	----------	---------------	----------

- ০২। সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।
- ০৩। উল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে :
- ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক।
- খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন।
- গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন।
- ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ০১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয় পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টিকার প্রদর্শন সাপেক্ষে চলাচল।
- ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচল।
- চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটরসাইকেল চলাচল।
- ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় চলাচল।

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।


আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান

জেলা ম্যাজিস্ট্রেট
চট্টগ্রাম

ফোনঃ ০২৩৩৩৩৬৭০০২, ০২৪১৩৬০৯৫৫
dcchittagong@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১৫০০.৫০২.২৯.০০৭.২৩-২১


তারিখ : ০২ জানুয়ারি ২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
০২. রিজিয়ন কমান্ডার, দক্ষিণ পূর্ব রিজিয়ন, বিজিবি হালিশহর, চট্টগ্রাম।
০৩. জিএসও-১ (অপস), ২৪ পদাতিক ডিভিশন, চট্টগ্রাম।
০৪. জিএসও-১০ পদাতিক ডিভিশন, রামু।
০৫. অধিনায়ক, চট্টগ্রাম শাখা, ডিজিএফআই।
০৬. পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম।
০৭. ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম।
০৮. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৯. পুলিশ সুপার, চট্টগ্রাম।
১০. অধিনায়ক, র্যাব-৭, চট্টগ্রাম।
১১. কমান্ডিং অফিসার, ০৮ বিজিবি ব্যাটালিয়ন, হালিশহর, চট্টগ্রাম।
১২. কমান্ডিং অফিসার, ৪৩ বিজিবি ব্যাটালিয়ন, রামগড়, চট্টগ্রাম।
১৩. জোনাল কমান্ডার, পূর্ব জোন, বাংলাদেশ কোস্টগার্ড, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৪. অতিরিক্ত পরিচালক, এনএসআই, চট্টগ্রাম জেলা।
১৫. উপমহাপরিচালক, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম।
১৭. উপপরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
১৮. যুগ্ম পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, চট্টগ্রাম।
১৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম।
২০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম।
২১. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(এল.এ)/শিক্ষা ও আইসিটি, চট্টগ্রাম।
২২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম।
২৩. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার----- (সকল), চট্টগ্রাম।
২৪. নেজারত ডেপুটি কালেক্টর, চট্টগ্রাম।
২৫. উপপরিচালক, বিআরটিএ, চট্টগ্রাম।
২৬. উপপরিচালক, জেলা তথ্য অফিস, চট্টগ্রাম (তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২৭. সহকারী কমিশনার (আইসিটি শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২৮. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, চট্টগ্রাম।


জেলা ম্যাজিস্ট্রেট
চট্টগ্রাম